



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা
প্রধান কার্যালয়ঃ ৬/৬ জেড হাউজ, ব্লক # এফ, লালমাটিয়া, ঢাকা-১২০৭।



তারিখঃ ২৮/০৮/২০১৬

এসডিএফ-এর প্যানেল আইনজীবী হিসেবে অন্তর্ভুক্ত হবার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা এবং নিয়োগ উত্তর কার্যসম্পাদনের শর্তাবলী।

আবেদনকারী আইনজীবীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

১. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই স্নাতক ডিগ্রীধারী ও বাংলাদেশ বার কাউন্সিলের সনদপত্রধারী হতে হবে।
২. আইনজীবী হিসাবে দেওয়ানী, ফৌজদারী এবং সংশ্লিষ্ট বিষয়ে কম পক্ষে সাত (৭) বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। ক্ষুদ্র ঋণ ও অর্থ সংক্রান্ত বিষয়ে ইতোমধ্যে মামলা পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীগণ এসডিএফ এর আইনজীবী প্যানেলের অন্তর্ভুক্ত হবারক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। অভিজ্ঞতার সনদসমূহের ফটোকপি নিয়োগের সময় জমা দেয়া বাঞ্ছনীয়।
৩. আবেদন পত্র সর্বশেষতারিখ এর মধ্যে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের ঠিকানায় জমা দিতে হবে।
৪. অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

নিয়োগ-উত্তর কার্যসম্পাদনের শর্তাবলীঃ

- ১। এসডিএফ হতে দায়িত্ব প্রাপ্ত মামলা পরিচালনার জন্য এবং আইন সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য এসডিএফ কর্তৃক নির্ধারিত হারে আইনগত/পেশাগত ফিজ প্রদান করা হবে (নির্ধারিত ফি সংযুক্ত)।
- ২। প্যানেল আইনজীবী এসডিএফ এর নিয়মিত কোন পদ নয়। অতএব, প্যানেলভুক্ত আইনজীবী হিসেবে কর্মকালীন সময়ে তিনি উল্লিখিত ফি ব্যতিত অন্য কোন বেতন, ভাতা, সম্মানী বা আর্থিক সুবিধা প্রাপ্ত হবেন না।
- ৩। প্যানেল আইনজীবী হিসেবে কর্মকালীন সময়ে তিনি এসডিএফ এর মামলা সংক্রান্ত কোন বিষয়ে সংস্থার প্রতিপক্ষকে মতামত প্রদান, সমর্থন কিংবা এর বিরুদ্ধে কোন আদালতে মামলা পরিচালনা করতে পারবেন না। অধিকন্তু, বিভিন্ন বিষয়ে প্যানেল আইনজীবীর আইনগত পরামর্শ/মতামত প্রদানের কারণে এসডিএফ এর কার্য সম্পাদনের ক্ষেত্রে আইনগত জটিলতার সৃষ্টি হলে তার দায় উক্ত প্যানেল আইনজীবীর উপর বর্তাবে।
- ৪। প্যানেল আইনজীবীকে এসডিএফ এর সংশ্লিষ্ট অঞ্চল এবং জেলা কার্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে থেকে উল্লিখিত জেলাগুলোতে মামলা ও আইন সংক্রান্ত কার্যাবলী চাহিদা মোতাবেক সম্পাদন করতে হবে। আইনগত দায়িত্ব পালনের ক্ষেত্রে প্যানেলভুক্ত আইনজীবীর আন্তরিকতার অভাব অথবা কোন ভুল ত্রুটির জন্য সংস্থা ক্ষতির সম্মুখীন হলে তাঁকে জবাবদিহি করতে হবে এবং উদ্ধৃত যাবতীয় ক্ষতির জন্য তিনি দায়ী থাকবেন।
- ৫। বিদ্যমান অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৬। প্যানেল আইনজীবী তাঁর মাধ্যমে এসডিএফ কর্তৃক সম্পাদিত মামলা সংক্রান্ত বিষয়ে মাসিক প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিষ্ট জেলা ব্যবস্থাপকের নিকট দাখিল করবেন।
- ৭। এসডিএফ যেকোন সময়ে/পর্যায়ে প্যানেল আইনজীবী হিসেবে এ শর্তাধীন চুক্তি বাতিল করতে পারবে।

আবেদনকারী আইনজীবী প্রার্থীদেরকে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল পাবলিক পরীক্ষা পাসের সার্টিফিকেটের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং সংশ্লিষ্ট বারের সনদ পত্রের ফটোকপি প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে তা নির্ধারিত আবেদন ফর্ম পূরণ পূর্বক জমা দিতে হবে।

উল্লিখিত শর্তসমূহ মেনে নিয়ে প্যানেল আইনজীবী হিসেবে কাজ করতে সম্মত হলে এসডিএফ এর পক্ষে সংশ্লিষ্ট অঞ্চলের আঞ্চলিক পরিচালকের সাথে একটি চুক্তিনামা সম্পাদন করবেন। উক্ত চুক্তিনামা ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্প সম্পাদন করে চুক্তি নামাটি সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে জমা দিবেন।

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

আঞ্চলিক কার্যালয়
এসডিএফ বরিশাল অঞ্চল
নবগ্রাম রোড, বরিশাল।

ছবি

আইনজীবী প্যানেলে অন্তর্ভুক্ত হবার জন্য আবেদন ফর্ম

আবেদনকারী নাম	:	<input type="text"/>
পিতার নাম	:	<input type="text"/>
মাতার নাম	:	<input type="text"/>
স্বামী/ স্ত্রীর নাম	:	<input type="text"/>
বর্তমান ঠিকানা	:	<input type="text"/>
স্থায়ী ঠিকানা	:	<input type="text"/>
জন্ম তারিখ	:	<input type="text"/>
জাতীয়তা ও ধর্ম	:	<input type="text"/>
জাতীয় পরিচয়পত্রের আইডি নং	:	<input type="text"/>
মোবাইল নং	:	<input type="text"/>
আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা	:	<input type="text"/>
আবেদনকারীর পেশাগত যোগ্যতা	:	<input type="text"/>
আবেদনকারীর অভিজ্ঞতা	:	<input type="text"/>

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ